



পিরোজপুর : বৈঠাকাটা বিলের মুগারঝোড়া গ্রামে ভাসমান পদ্ধতিতে চারা উৎপাদনের ধাপ

-ইত্তেফাক

দক্ষিণের বিল এলাকায় ধাপে বাণিজ্যিক সবজিচারা উৎপাদন ব্যয় বেড়েছে, দাম কম

■ নাসিম আলী, পিরোজপুর অফিস

বর্ষাকালে পিরোজপুরের বৈঠাকাটা বিল অঞ্চলে চাষীরা ভাসমান পদ্ধতিতে শাক-সবজির চারা উৎপাদনের ব্যতিক্রমী কৃষি শুরু করেছেন। উৎপাদিত চারা প্রথম দফা শাক-সবজি আবাদকারীদের কাছে ইতিমধ্যে বিক্রির কাজও চলছে।

এবারে বর্ষা মৌসুম দেরিতে আসায় সবজিচাষে কৃষকরা কিছুটা পিছিয়ে পড়ায় চারা বিক্রি গতবারের চেয়ে কম, দামও নিম্নমুখী। উৎপাদন খরচ আগের তুলনায় বেশি হওয়ায় উৎপাদকরা কিছুটা বিপাকে পড়েছেন। পিরোজপুর জেলার

দেউলবাড়ী দোবরা, কলারদোয়ানিয়া, বলদিয়া ও বরিশাল জেলার বিশারকান্দি ও ইলুহার ইউনিয়নের বিভিন্ন গ্রামে ৬০/৭০ বছর ধরে জলাভূমির বাসিন্দারা এ বিরল পদ্ধতির চাষাবাদ করে আসছেন। স্থানীয়ভাবে ধাপচাষ বলে পরিচিত এ বিশেষ ধরনের কৃষিপদ্ধতি দেশে অনন্য। বৈঠাকাটা বাজার সমিহিত জলাভূমিতে এ চাষের দেখা মেলে ব্যাপকভাবে। যদিও গোপালগঞ্জ সদর উপজেলার বিলে এ পদ্ধতির চাষ হয়। তবে ব্যাপক নয়। বর্ষাকালে প্লাবন ভূমিতে বিভিন্ন জলজ উদ্ভিদ পচিয়ে তৈরি বেত বা ধাপে শাক-সবজির পৃষ্ঠা ২ কলাম ২